৩৭

তারিখ ... 29 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ......

দৈনিক জনকণ্ঠ

# ঢাকা বিশ্ববিদ্যালয় ধর্মঘটের দ্বিতীয় দিনে উত্তেজনা ও আতঙ্ক ॥ ক্যাম্পাসে গুলি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদল আহূত অনির্দিষ্টকালের ছাত্র ধর্মঘটের দ্বিতীয় দিনে সোমবার রাতে ক্যাম্পাসে গোলাগুলি ও বোমাবাজি হয়েছে। কে বা কারা রাত সাড়ে আটটার দিকে ক্যাম্পাস এলাকায় এসে ৫/৬ রাউন্ড গুলি ও ৪/৫টি বোমা ফাটিয়ে কলাভবনের সামনে দিয়ে চলে যায়। এ ঘটনায় ক্যাম্পাসে তীব্র উত্তেজনা ও আতঙ্ক ছড়িয়ে পড়েছে। যে কোন সময় ভয়াবহ সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে। সোমবার ছিল ছাত্রদল আহূত ধর্মঘটের দ্বিতীয় দিন। ধর্মঘটকালে বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার কার্যক্রম বন্ধ ছিল। ছাত্রলীগ

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(প্রথম পাতার পর)

(শা-পা) কর্তৃক সূর্যসেন হল দখলের প্রতিবাদে ছাত্রদল এ ধর্মঘট আহ্বান করে। এছাড়া ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল দখল, ঢাকা মেডিক্যাল কলেজ ও ইডেন কলেজে হামলা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়সহ শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র বেতন বৃদ্ধির প্রতিবাদে আজ মঙ্গলবার দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে। ধর্মঘটের সমর্থনে ছাত্রদল ক্যাম্পাসে মিছিল সমাবেশ করে। সমাবেশে শহীদউদ্দিন চৌধুরী এ্যানি, হাবিব-উন-নবী খান সোহেল, নাসিরুদ্দিন আহমেদ পিন্টু, মনোয়ার হোসেন রানা, নাসিরুদ্দীন আহমেদ অসীম, সেলিমুজ্জামান সেলিম প্রমুখ নেতা বক্তৃতা করেন। নেতৃবৃন্দ বলেন, শিক্ষার পরিবেশ প্রতিষ্ঠার জন্যই বহিরাগত অস্ত্রধারী সন্ত্রাসীদের বিরুদ্ধে নিয়মতান্ত্রিক কর্মসূচী দিয়েছি। কর্তৃপক্ষ উদাসীন হলে এবং কর্মসূচী বাধাগ্রস্ত হলে পরিণাম হবে ভয়াবহ।

### গণতান্ত্রিক ছাত্রঐক্যের ধর্মঘট পালন

বর্ধিত বেতন ও ফি প্রত্যাহারের দাবিতে ছাত্রঐক্য সোমবার ধর্মঘট পালন করেছে। ধর্মঘটের সমর্থনে ছাত্রঐক্য ক্যাম্পাসে মিছিল সমাবেশ করে।

### ছাত্রলীগের বিবৃতি

ছাত্রলীগের সভাপতি এনামুল হক শামীম এবং সাধারণ সম্পাদক ইসহাক আলী পান্না এক বিবৃতিতে ছাত্রদলের অযৌক্তিক ছাত্র ধর্মঘটের প্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। এক বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, ছাত্রদল নিজেদের উপদলীয় কোন্দল সামাল দিতে না পেরে সম্পূর্ণ অযৌক্তিকভাবে ছাত্রছাত্রীদের শিক্ষা জীবন ধ্বংসের চক্রান্ত হিসাবে অবিরাম ছাত্র ধর্মঘট আহ্বান করেছে। নেতৃদ্বয় অবিলম্বে ধর্মঘট প্রত্যাহারের দাবি জানান।

### ক্যাম্পাসে গুলি-বোমা

সোমবার রাত সাড়ে আটটার দিকে ক্যাম্পাসের মূল এলাকায় গুলি ও বোমার শব্দ শোনা গেছে। কে বা কারা অত্র এলাকায় ৫/৬ রাউন্ড গুলি ও ৪/৫টি বোমা ফাটিয়ে কলাভবনের সামনে দিয়ে চলে যায়। এ ব্যাপারে বিস্তারিত কিছু জানা যায়নি।

### দেড় হাজার ছাত্রছাত্রীর বিবৃতি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় দেড় হাজার ছাত্রছাত্রী এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

### উপাচার্যের উদ্যোগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবুল কালাম আজাদ চৌধুরী ক্যাম্পাস সমস্যা নিরসনে সোমবার আওয়ামী লীগ ও বিএনপি নেতৃবৃন্দের সাথে টেলিফোনে আলোচনা করেছেন। তিনি ছাত্রলীগ ও ছাত্রদল সভাপতির সাথেও আলোচনা করেন। তিনি জানান, উভয়পক্ষ থেকেই সমাধানের আশ্বাস পেয়েছি। আমি আশাবাদী। উপাচার্য বলেন, কর্তৃপক্ষ দু'দিনের জন্য সূর্যসেন হল খালি করে দেয়ার চিন্তাভাবনা করছে।